people for Education

BECAUSE EDUCATION MATTERS MOST

অন্টারিও'র পাবলিক এডুকেশন সিস্টেমে কে কি ক'রে থাকে ?

ক্যানাডায় জনগণের জন্য শিক্ষাসংক্রান্ত দায়িত্বভার হচ্ছে প্রাদেশিক সরকারের। ইঙ্গিতপূর্ণ এই কাগজটি অন্টারিও'র জনগণের জন্য শিক্ষাসংক্রান্ত নিয়মাবলী, এবং এতে স্কুলসমূহ, স্কুলবোর্ডগুলি ও শিক্ষা মন্ত্রণালয় কি ভূমিকা পালন করে তা বুঝতে সাহায্য করবে।

প্রাদেশিক শিক্ষা মন্ত্রণালয়

অন্টারিও'র জনগণের জন্য শিক্ষাদান প্রক্রিয়ার সকল দিকে নজর রেখে তত্ত্বাবধান করার দায়িত্ব শিক্ষা মন্ত্রণালয়ের। শিক্ষামন্ত্রীর, স্কুলবোর্ডগুলির, তত্ত্বাবধানকারী অফিসারগণের (সুপারিন্টেণ্ডেণ্ট), প্রিন্সিপ্যাল, শিক্ষকমণ্ডলী. অভিভাবক ও শিক্ষার্থীদের কর্তব্য ও দায়িত্ব সমূহ অন্টারিও'র *এডুকেশন অ্যাক্টে* নির্দিষ্ট করা হয়ে থাকে।

মন্ত্রণালয়ের দায়িত্ব হচ্ছে ঃ

- স্কুলবোর্ডের কর্মপন্থা ও নীতি সম্পর্কে নির্দেশাবলী নির্ধারণ করা
- অর্থপ্রদান প্রক্রিয়া অনুসরণ ক'রে স্কুলবোর্ডের জন্য অর্থ বণ্টন করা
- প্রাদেশিক পাঠ্যক্রম প্রবর্তন করা (শিক্ষার্থীরা তাদের নিজ নিজ গ্রেডে কি শিখবে)
- গ্র্যাজুয়েশনের অবশ্যপূরণীয় শর্ত বা মান নির্দিষ্ট করা (ডিপ্লোমা ও সার্টিফিকেট)
- শিক্ষার্থীদের জন্য অনুমোদিত পাঠ্যপুস্তক এবং অন্যান্য শিক্ষাদানের উপায়াদির তালিকা তৈরি করা

প্রাদেশিক মন্ত্রী দ্বারা **শিক্ষামন্ত্রী** নিযুক্ত হয়ে থাকেন যিনি প্রাদেশিক পার্লামেন্টের সাংসদ (MPP)|

শিক্ষামন্ত্রণালয়ের সাথে **www.edu.gov.on.ca** ওয়েব সাইটে বা ১-৮০০-৩৮৭-৫৫১৪ টেলিফোনে আপনি যোগাযোগ করতে পারেন।

এডুকেশন কোয়ালিটি অ্যাণ্ড অ্যাকাউন্টেবিলিটি অফিস (EQAO)

EQAO হচ্ছে একটি স্বাধীন সরকারি অফিস যেটি প্রদেশ ব্যাপী নির্ধারিত মান অনুযায়ী গ্রেড ৩, ৬ এবং ৯ ও ১০ম শ্রেণীর পরীক্ষা তত্ত্বাবধান ক'রে থাকে। এই অফিসের দায়িত্ব হচ্ছে ঃ

- পঠন, লিখন ও অঙ্ক পরীক্ষা উদ্ভাবন ও পরিচালনা করা
- নির্ধারিত মান অনুযায়ী পরীক্ষার ফলাফল মন্ত্রণালয় ও জনগণের নিকট প্রচার করা
- পরীক্ষার ফলাফলের মান উন্নত করার লক্ষ্যে সুপারিশ প্রদান করা

EQAO'র সাথে **www.eqao.com** ওয়েবসাইটে অথবা ১-৮৮৮-৩২৭-৭৩৭৭ টেলিফোনে আপনি যোগাযোগ করতে পারেন।

অন্টারিও কলেজ অব্ টীচার্স

অন্টারিও কলেজ অব্ টীচার্স শিক্ষাদান পেশা নিয়ন্ত্রিত করে। এদের দায়িত্বের মধ্যে পড়ে ঃ

- অধ্যাপনার সার্টিফিকেট অর্জন করার ব্যাপারে অবশ্য-প্রয়োজনীয় গুণাবলির শর্ত প্রতিষ্ঠা এবং শিক্ষক ট্রেনিং প্রোগ্রামের মান নিয়ন্ত্রণ করা
- যোগ্য শিক্ষকদের প্রাদেশিক রেজেস্টারী বই সুরক্ষিত করা
- শিক্ষকদের বিরুদ্ধে অভিযোগের তদান্ত করা

- অন্টারিও কলেজ অব্ টীচার্স-এর সাথে **ীীী.ড়পঃ.পধ** ওয়েবসাইটে অথবা ১-৮৮৮-৫৩৪-২২২২ টেলিফোনে আপনি যোগাযোগ করতে পারেন।

স্কুল বোর্ডসমূহ

অন্টারিও প্রদেশে ৩১টি ইংরেজি পাবলিক বোর্ড, ২৯টি ইংরেজি ক্যাথলিক বোর্ড, ৪টি ফ্রেঞ্চ পাবলিক বোর্ড, ও ৮টি ফ্রেঞ্চ ক্যাথলিক বোর্ড সহ ৭২টি স্কুল বোর্ড আছে। এছাড়াও হাসপাতালে, চিকিৎসা কেন্দ্রে ও প্রদেশের দূরবর্তী অঞ্চল সমূহে অবস্থিত স্কুলগুলি তদারক করার জন্য কতগুলি 'স্কুল কর্তৃপক্ষ' আছে।
স্কুল বোর্ড গুলির দায়িত্বের মধ্যে পড়ে ঃ

- প্রাদেশিক সরকার থেকে যে পরিমাণ অর্থ পেয়ে থাকে তা খরচ করার ব্যাপারে সিদ্ধান্ত নেয়া ঃ যেমন শিক্ষক ও অন্যান্য কর্মচারী নিয়োগ, বিল্ডিং ও স্কুলগুলির রক্ষণা-বেক্ষণ, এবং স্কুলের প্রয়োজনীয় জিনিসপত্র কেনা
- কোন্ জায়গায় নতুন স্কুল নির্মাণ করতে হবে এবং কখনো যদি কোনো স্কুল বন্ধ করতে হয় সে-সম্বন্ধে সিদ্ধান্ত গ্রহণ করা
- স্কুলে বিভিন্ন প্রোগ্রাম প্রদান করা ঃ যেমন, বিশেষধরনের শিক্ষাপ্রদান, নবাগতদের জন্য প্রোগ্রাম, ও ফ্রেঞ্চ ইমারশন্
- স্থানিক শিক্ষাদানের নিয়মকানুন তৈরি করা (যেমন, স্কুলের নিরাপত্তা, হোমওয়ার্ক)
- এডুকেশন অ্যাক্টে নির্দিষ্ট ক'রে দেয়া নিয়মাবলী স্কুলগুলি যেন মেনে চলে সেটি নিশ্চিত করা
- প্রত্যেক স্কুলে একটি করে স্কুল কাউন্সিল, এবং বোর্ডের জন্য একটি পেরেণ্ট ইনভলভ্মেণ্ট কমিটি স্থাপন করা

People for Education is an independent parents' group working to support public education in Ontario's English, French and Catholic schools.
You can reach us at: P.O. Box 64, Station P, Toronto, Ontario, M5S 2S6
phone: 416-534-0100 fax: 416-536-0100 e-mail: info@peopleforeducation.com or visit: www.peopleforeducation.com

ট্রাস্টীগণ স্কুল বোর্ডে নির্বাচিত হন মিউনিসিপ্যাল ইলেকশনের সময়। তাঁদের অঞ্চলে তাঁরা পিতামাতা ও শিক্ষার্থীদের প্রতিনিধিত্ব করেন। কোনো শিক্ষার্থীকে বহিষ্কৃত করতে হলে তাঁরা কমিটিতে বসেন, এবং স্কুল বোর্ডের বাজেট সম্বন্ধে সিদ্ধান্ত নিয়ে থাকেন। আপনার ট্রাস্টির নাম জানতে হলে আপনার স্কুল অফিসে খোঁজ নিতে পারেন, অথবা বোর্ডের ওয়েবসাইটে দেখতে পারেন।

স্কুল সুপারিন্টেণ্ডেণ্টগণ বা "সুপারভাইজারী অফিসার"গণ হচ্ছেন বোর্ডেরই কর্মচারী যাঁদের দায়িত্বের মধ্যে পড়ে প্রত্যেক স্কুল বোর্ডের অধীনে কয়েকটি ক'রে স্কুল। সাময়িক বরখাস্ত আপিলে, স্পেশাল এডুকেশন মিটিংএ, ও নিজের স্কুল ছাড়া অন্য কোনো স্কুলে হাজির হওয়ার জন্য সুপারিন্টেণ্ডেণ্টগণ বিজড়িত হতে পারেন। এছাড়াও বোর্ডের অধীনে প্রোগ্রামগুলি তত্ত্বাবধান করার জন্য সুপারিন্টেণ্ডেণ্টগণ বোর্ড দ্বারা নিয়োজিত হতে পারেন (যেমন, সুপারিন্টেণ্ডেণ্ট ফর্ স্পেশাল এডুকেশন)। আপনি যদি স্কুলের প্রিন্সিপ্যালের কাছ থেকে সাহায্য পেতে অপরাগ হন তাহলে আপনার স্কুল সুপারিন্টেণ্ডেণ্টের সাথে যোগাযোগ করতে পারেন।

প্রাদেশিক স্কুল বোর্ডগুলির সম্পূর্ণ লিস্ট আপনি স্কুল বোর্ডের এই ওয়েবসাইটে পেতে পারেন ঃ

http://esip.edu.gov.on.ca/english/core/BoardDirectory.asp

স্কুল সমূহ

প্রত্যেক স্কুলের পরিচালনার দায়িত্বে থাকেন সেই স্কুলের **প্রিন্সিপ্যাল**। তাঁকে সাহায্য করার জন্য এক বা তার অধিক **ভাইস-প্রিন্সিপ্যাল** থাকতে পারে। প্রিন্সিপ্যালের দায়িত্ব হচ্ছে ঃ

- স্কুলে শিক্ষাদান ও পাঠ্যক্রম তত্ত্বাবধান করা এবং স্কুল উন্নয়ন পরিকল্পনার ব্যাপারে সিদ্ধান্ত গ্রহণ করা
- শিক্ষকমণ্ডলী ও অন্যান্য কর্মচারীদের তদারকি করা
- শিক্ষার্থী ভর্তি এবং বিশেষধরনের শিক্ষাদানের ক্ষেত্রে সিদ্ধান্ত গ্রহণ করা
- স্কুলের বাজেট পরিপালন এবং বিল্ডিংএর রক্ষণাবেক্ষণ নিশ্চিতকরণ
- বিশেষজ্ঞ কর্মচারী, যেমন ডিপার্টমেন্ট প্রধান, আর্ট বিশেষজ্ঞ কিংবা লাইব্রেরীর কর্মচারীর স্থাননির্দেশে সিদ্ধান্ত নেয়া
- শিক্ষার্থীদের রেকর্ড সংরক্ষণ, এবং অভিভাবকদের নিকট রিপোর্ট পাঠানো নিশ্চিত করা
- শিক্ষার্থীদের শৃঙ্খলা তত্ত্বাবধান করা এবং সাময়িকভাবে বহিষ্কার ও সম্ভাব্য বহিষ্করণ-এর ব্যাপারে তদারকি করা
- পিতামাতাদের বিজড়িত করার লক্ষ্যে স্কুল কাউন্সিলের সমন্বয়ে কাজ করা, ফাণ্ডরেজিংয়ের ব্যাপারে সিদ্ধান্ত নিতে সাহায্য করা, এবং নতুন নতুন বিষয়ে নীতিমালা উদ্ভাবন করা—যেমন, হোমওয়ার্ক ও স্কুলের কোড অব্ কণ্ডাক্ট

অণ্টারিও'র **শিক্ষকগণের** পাবলিক এডুকেশন সিস্টেমে শিক্ষার্থীদের অধ্যাপনার ক্ষেত্রে গ্রহণযোগ্য শিক্ষাদান সার্টিফিকেট অবশ্যই থাকতে হবে।
শিক্ষকবৃন্দের দায়িত্ব হচ্ছে ঃ

- লেসেন প্ল্যান তৈরি করা, ক্লাসে শিক্ষকতা করা, এবং শিক্ষার্থীদের অগ্রগতির মূল্যায়ন করা
- ক্লাসরুমে শৃঙ্খলা বজায় রাখা
- পড়াশোনার বাইরে খেলাধুলা, ক্লাব ও অন্যান্য তৎপরতা পরিচালিত করা (ঐচ্ছিক)
- শিক্ষার্থীদের অগ্রগতি সম্বন্ধে পিতামাতাদের জ্ঞাপন করা

স্কুল কাউন্সিল প্রিন্সিপ্যাল ও স্কুল বোর্ডকে পরামর্শ দিয়ে থাকে। প্রত্যেক স্কুলের একটি স্কুল কাউন্সিল অবশ্যই থাকবে যেটিতে সদস্য থাকবে পিতামাতারা, প্রিন্সিপ্যাল, একজন শিক্ষার্থী (হাই স্কুল), শিক্ষক নন এমন একজন কর্মচারী, ও একজন কমিউনিটি প্রতিনিধি। এতে সংখ্যাধিক অংশ থাকবে পিতামাতাদের পক্ষ থেকে, এবং এটির সভাপতির পদে অবশ্যই একজন পিতা বা মাতা থাকবেন। স্কুল কাউন্সিলের সিদ্ধান্তগ্রহণ প্রক্রিয়ায় প্রিন্সিপ্যাল ভোট দেন না।
স্কুল কাউন্সিলের দায়িত্ব হচ্ছে ঃ

- পিতামাতা ও কমিউনিটির সাথে তথ্যাদি বিভাজন করা, এবং কাউন্সিলে যে-সকল বিষয়ে আলোচনা করা হয় তাতে তাঁদের মতামত নেয়া
- প্রিন্সিপ্যাল ও স্কুল বোর্ডকে এইসকল বিষয়ে পরামর্শ প্রদান করা—যেমন, স্কুলের বাৎসরিক ক্যালেণ্ডার, স্কুলের কৃতিত্ব আরো উন্নত করার লক্ষ্যে পরিকল্পনা উদ্ভাবন, ব্যক্তিগত আচরণ ও পোশাকের প্রচলিত রীতি, প্রিন্সিপ্যাল মনোনয়নের নীতি, এবং স্কুলে প্রভাব ফেলবে এমন ধরনের কর্মপন্থা

অনেক স্কুল কাউন্সিল স্কুল-কমিউনিটির আনন্দের জন্য সামাজিক অনুষ্ঠান ও ফাণ্ডরেজিং-এ সক্রিয়ভাবে বিজড়িত হয়ে থাকে।

স্কুল কাউন্সিল সম্বন্ধে আরো তথ্যের জন্য ওয়েবসাইট দেখুন
http://www.edu.gov.on.ca/eng/general/elemsec/council/guide.html

আরো বিস্তারিত তথ্যের জন্য

অণ্টারিও এডুকেশন সিস্টেম সম্বন্ধে আরো জানতে এবং এতে আপনি বিজড়িত হতে চাইলে নীচের ওয়েবসাইট খুলে দেখতে পারেন ঃ

পিপল ফর্ এডুকেশন ঃ **www.peopleforeducation.com**

দি অণ্টারিও অ্যাসোসিয়েশন অব্ পেরেণ্ট্স্ ইন্ ক্যাথলিক এডুকেশন ঃ
www.oapce.on.ca

দি অণ্টারিও ফেডারেশন অব্ হোম অ্যাণ্ড স্কুল অ্যাসোসিয়েশন্স ঃ
www.ofhsa.on.ca/

The Ontario Trillium Foundation · La Fondation Trillium de l'Ontario

This tip sheet was developed with the support of the Ontario Trillium Foundation.

Copies are available in several languages at www.peopleforeducation.com.
For more information, call 416-534-0100 (toll-free 1-888-534-3944) or email info@peopleforeducation.com
© People for Education 2008